গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

সংসদ ও সমন্বয় শাখা

## বিষয়: ০৬-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিতব্য মাসিক সমন্বয় সভার কার্যপত্র

| ক্র. নং | বিষয় | গত সভার সিদ্ধান্ত | অগ্রগতি ও প্রস্তাবিত বিষয়াদি |
|---|---|---|---|
| ১. | গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ: | গত ০৪-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকল দপ্তর, সংস্থা ও মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখায় প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীটি যথাযথ থাকলে দৃঢ়করণ করা যেতে পারে। | - |
| ২. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠভাবে উদযাপনের লক্ষ্যে প্রণীত সম্ভাব্য কর্মসূচি | ১। **"বঙ্গবন্ধুঃ শ্বাশ্বত বাংলার প্রতিরূপ"**<br>১. **"বঙ্গবন্ধুঃ শ্বাশ্বত বাংলার প্রতিরূপ"** শীর্ষক সেমিনারটি কভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় নিয়ে সুবিধাজনক সময়ে ঢাকা থেকে চাঁদপুরপর্যন্ত নৌপথে আয়োজন করতে হবে।<br>২. বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসি সেমিনার আয়োজনের সার্বিক সহযোগিতা প্রদান করবে।<br>৩. প্রধান অতিথিসহ অন্যান্য অতিথির তালিকা প্রণয়ন করতে হবে। | (১) নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-২), বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসির নিকট বাস্তবায়ন পরিকল্পনা সম্পর্কে জানতে চাওয়া যেতে পারে। |
| | | ২। ডকুমেন্টারিঃ<br>২। বিআইডব্লিউটিএ কর্তৃক প্রস্তুতকৃত খসড়া ডকুমেন্টারি যাচাইপূর্বক চূড়ান্ত করতে হবে। ডকুমেন্টারিটি **"বঙ্গবন্ধুঃ শ্বাশ্বত বাংলার প্রতিরূপ"** শিরোনামে ৩য় সেমিনারে উপস্থাপন করা হবে। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ডকুমেন্টারি প্রস্তুতের সর্বশেষ অগ্রগতি সভায় উপস্থাপন করবেন। |
| | | ৩। মেরিন একাডেমির শিক্ষা কার্যক্রম চালু:<br>১. নতুন ৪টি মেরিন একাডেমির জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২.অন্তবর্তীকালীন একটি নিদ্দিষ্ট সময়ের জন্য মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর ও সংস্থা হতে ৩৩জন জনবল সংযুক্তিতে নিয়োগ প্রদান করতে হবে।<br>৩. সমাপ্ত প্রকল্পের কার্যক্রম বুঝে নেয়ার বিষয়ে একটি সভা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।<br>৪. মেরিন একাডেমি পাবনার বাঁধের উপর রাস্তা নির্মাণের কার্যক্রমের বিষয়ে পানি উন্নয়ন বোর্ডসহ অন্যান্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১. গত ০৬/০৫/২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৪টি মেরিন একাডেমি উদ্বোধন করা হয়েছে।<br>২. গত ৩০/০৬/২০২১ তারিখে বাংলাদেশে ৪টি মেরিন একাডেমির ২৮৪ টি পদ সৃজনের জিও জারী করা হয়েছে। সমন্বিয় নিয়োগবিধি প্রণয়নের কাজ চলমান রয়েছে।<br>৩. ৪টি মেরিন একাডেমির জন্য দপ্তর ও সংস্থাসমূহ হতে সংযুক্তিতে পদায়নকৃত কর্মকর্তা/কর্মচারীগণ ইতোমধ্যে যোগদান করেছেন।<br>এ বিষয়ে যুগ্ম সচিব (পরিকল্পনা), উপসচিব (নৌশিক্ষা প্রশিক্ষণ) ও সংশ্লিষ্ট মেরিন একাডেমির কমান্ড্যান্টগন সভায় বিস্তারিত উপস্থাপন করবেন। |

| | | | |
|---|---|---|---|
| ৩. | **মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি সংক্রান্ত** | ১.দপ্তর ও সংস্থা হতে হালনাগাদ তথ্য সংগ্রহ করে সংক্ষিপ্তসারে ও পরিসংখ্যান ভিত্তিক হালনাগাদ প্রতিবেদন প্রস্তুত করতে হবে।<br>২. মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাগুলোর বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে পৃথক সভা করতে হবে।<br>৩. যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন সম্ভব নয় সেগুলোর বিষয়ে উপযুক্ত যৌক্তিকতাসহ প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করতে হবে।<br>৪. দপ্তর ও সংস্থার প্রধানগণ কর্তৃক সরাসরি বিষয়টি মনিটরিং করতে হবে। | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত ২২টি প্রতিশ্রুতির মধ্যে ৫টি বাস্তবায়িত এবং ১৮টি নির্দেশনার মধ্যে ২টি বাস্তবায়িত হয়েছে।<br><br>যুগ্মসচিব (পরিকল্পনা) এ বিষয়ে সভায় বিস্তারিত উপস্থাপন করবেন। |
| ৪. | **মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত** | ১. মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক অগ্রগতি প্রতিবেদন হালনাগাদ তথ্যাদিসহ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২. এ বিষয়ে আলাদা সভা করা হবে। | নিয়মিতভাবে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। এ বিষয়ে গত ৩১/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। |
| ৫. | **জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯ এর সিদ্ধান্ত বাস্তবায়ন** | ১. জেলা প্রশাসক সম্মেলন এর সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২. জেলা প্রশাসক সম্মেলন এর সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণ সকল দপ্তর/সংস্থা ও সংশ্লিষ্ট শাখা অধিশাখার কর্মকর্তাগণ কর্তৃক নিশ্চিত করতে হবে।<br>৩. এ বিষয়ে আলাদা সভা করা হবে। | মোট ৯টি সিদ্ধান্তের মধ্যে ৪টি বাস্তবায়িত হয়েছে। ২টি সিদ্ধান্ত অন্য মন্ত্রণালয়/বিভাগের সাথে সম্পৃক্ত বিধায় উক্ত মন্ত্রণালয়/বিভাগকে কার্যক্রম গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।<br>এ বিষয়ে গত ০১/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ৬. | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি** | ১. APA এর অর্জন সুনির্দিষ্ট প্রমানকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণে জন্য ৮/০৭/২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>২. এপিএর নতুন বছরের লক্ষ্য মাত্রা নির্ধারণের ক্ষেত্রে বাস্তবায়নযোগ্য লক্যমাত্রা নির্ধারণ করতে হবে।<br>৩. APA বাস্তবায়নে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বছরের শুরু হতে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নিয়ে কর্মসম্পাদন করতে হবে।<br>৪. যে সকল লক্ষ্যমাত্রা অর্জনে প্রতিবন্ধকতা রয়েছে দপ্তর ও সংস্থা প্রধানগণ সেগুলো সরাসরি তত্ত্বাবধানের মাধ্যমে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১. বিগত ২০২০-২১ অর্থ বছরের APA দাখিল করা হয়েছে এবং ২০২১-২২ অর্থ বছরের APA স্বাক্ষরিত হয়েছে। উক্ত APA বাস্তবায়ন সম্পর্কে **সংশ্লিষ্ট কর্মকর্তা** সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করবেন।<br>২. ২০২০-২১ অথ্য বছরের দপ্তর ও সংস্থাসমূহের দাখিলকৃত বাস্তবায়ন প্রতিবেদন পর্যালোচনা বিষয়ে APA **সংশ্লিষ্ট কর্মকর্তা অবহিত করবেন।** |

| | | | |
|---|---|---|---|
| ৭. | **মন্ত্রণালয়ের ই-ফাইলিং, ইনোভেশন ও ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত** | ১. সকল দপ্তর, সংস্থা, মন্ত্রণালয়ের সকল শাখার ই-ফাইলিং কার্যক্রম জোরদার করতে হবে।<br>২. অনুমোদিত নথির পত্র ই-নথিতেই জারি করতে হবে।<br>৩. ই-ফাইলিং সংক্রান্ত সমস্যা সিস্টেম অ্যানালিস্ট এ-টু-আই এর সাথে সমন্বয় করে সমাধান করবেন। | **সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা ও সিস্টেম এনালিস্ট সভায় এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করবেন।** |
| ৮. | **ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন** | ১. ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ।<br>২. উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সিস্টেম এনালিস্ট সভায় এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করবেন। |
| ৯. | তথ্য-বাতায়নসমূহ হালনাগাদকরণ | ১. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটে পরিবর্তিত বিষয়সমূহ অন্তর্ভূক্ত করে হালনাগাদ রাখতে হবে।<br>২. যে সকল দপ্তর ও সংস্থার তথ্য বাতায়নসমূহ হালনাগাদ করা হয়নি সেগুলো আগামী ৩ দিনের মধ্যে হালনাগাদ করতে হবে। | সিস্টেম এনালিস্ট সভায় এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করবেন। |
| **১০.** | অডিট আপত্তি-নিষ্পত্তিকরণ | ১. দপ্তর ও সংস্থার অডিট আপত্তিগুলোর শ্রেণী বিন্যাস করে দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২. মন্ত্রণালয়ের আইন ও অডিট শাখা সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার সাথে দ্বিপাক্ষিক/ত্রিপাক্ষিক সভা করে অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | মন্ত্রণালয়ের দপ্তর ও সংস্থসমূহের ৪২১টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, ৬৬৬টি অগ্রিম আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১২২২টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। যার সাথে ৬৮৮৯.৫২ কোটি টাকা জড়িত আছে। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার অডিট আপত্তির তালিকা সংযুক্ত করা হলো।<br>**এ বিষয়ে যুগ্মসচিব/উপসচিব (অডিট) সভাকে সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করবেন।** |
| **১১.** | **দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য** | ১. যথাসময়ে আইনজীবী নিয়োগ ও দফাওয়ারি জবাব দাখিল নিশ্চিত করতে হবে।<br>২. নিয়মিত মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>৩. স্পর্শকাতর মামলাগুলোর বিষয়ে দপ্তর ও সংস্থা প্রধানগণ প্রতি মাসে আইন কর্মকর্তাকে নিয়ে পর্যালোচনা সভা করেতে হবে। | মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাসমূহের মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৪২০ টি যার মধ্যে ৩৫৩ টির জবাব দাখিল করা হয়েছে, ৩৫টির জবাব দাখিল করা হয়নি, সরকারের পক্ষে ২টি মামলা নিষ্পত্তি হয়েছে ।<br>সংশ্লিষ্ট যুগ্মসচিব/উপসচিব সভায় এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করবেন। |
| ১২. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | ১. প্রদানযোগ্য তথ্য যথাসময়ে সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>২. কোন বিষয়ে তথ্য প্রদান করা সম্ভব না হলে তার ব্যখ্যা উল্লেখ করতে হবে।<br>৩. প্রতিমাসে তথ্য প্রাপ্তির আবেদন ও তথ্য প্রদানের বিবরণ প্রস্তুত করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব বাজেট সভায় এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করবেন। |
| ১৩. | **বিবিধঃ**<br>**(ক) নৌপরিবহন মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম:** | ১. "Remodeling and Interior Decoretion of MoS | ১৩। (ক) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কর্তৃক কার্যক্রম চলমান আছে।<br>(খ) অতিরিক্ত কাজের তালিকা ১৩-৪-২০২১ |

| | | | |
|---|---|---|---|
| | | Rooms" শীর্ষক কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২. মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ অতিরিক্ত কাজসমূহ চবক বাস্তবায়ন করবে। | তারিখে চট্টগ্রাম বন্দর কর্তৃকপক্ষকে প্রেরণ করা হয়েছে।<br>(গ) সভাকক্ষের সজ্জা ও ভিডিওসাউন্ট সিস্টেম বিষয়ে চাহিদাপত্র তৈরি করে চবককে অবহিত করা হয়েছে।<br>(ঘ) গত ২৯-০৮-২০২১ তারিখে অতিরিক্ত সচিব(প্রশাসন) এর সভাপতিত্বে তত্ত্বধান ও সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। |
| | **(খ) ক্যাডার সার্ভিসের নামপদবি ব্যবহার সংক্রান্ত** | খ। ১. দপ্তর ও সংস্থায় ক্যাডার সার্ভিসের ন্যায় বিদ্যমান পদনাম পরিবর্তনের বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. পদনাম পরিবর্তনের জন্য আইন, নিয়োগবিধি, নিয়োগ যোগ্যতা, সাংগঠনিক কাঠামো ইত্যাদি যা পরিবর্তন করা প্রয়োজন সেগুলো পরিবর্তনের প্রস্তাব খসড়াসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১৩। (খ) এ বিষয়ে গত ৬-০৪-২০২১ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী সকলকে প্রেরণ করা হয়েছে এবং সিদ্ধান্ত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ, বিএসসি ও মোংলা বন্দর কর্তৃপক্ষ থেকে প্রস্তাব পাওয়া গেছে। যাচাই বাছাই শেষে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের কাজ চলছে।<br>সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) এ বিষয়ে বিস্তারিত উপস্থাপন করবেন। |